

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৪৬১

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৭
১৫ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ	মহামান্য হাইকোর্টের কনটেম্পট পিটিশন নং-২১০/২০২০ (রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ হতে উদ্ধৃত) মামলার বিষয়ে চাহিত তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।
সূত্র:	(১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৪৬৩, তারিখ: ১৭/০৯/২০১৯ খি:। (২) ডিএমইডি'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৫.০০৫.১৮-৩৪১, তারিখ: ২৭/১০/২০১৯ খি:। (৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৩১৩, তারিখ: ১৩/১০/২০২০ খি:। (৪) ডিএমইডি'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.২০-১৬৩, তারিখ: ০৪/১১/২০২০ খি:। (৫) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৩৬৭, তারিখ: ১৫/১১/২০২০ খি:। (৬) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৩৩.১৫-৪১৭, তারিখ: ৩০/১১/২০২০ খি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিভিয়াঘাটা ফায়িল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আফতাব উদ্দিন কর্তৃক ১২/০৪/১১ হতে ৩১/০১/১২ পর্যন্ত সময়ে বেতন ভাতা (এমপিও) ছাড়করণের ব্যবস্থা গ্রহণের জন্য গত ২১/০১/২০১৩ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করা হয়।

২। উক্ত আবেদনের বিষয়ে কোন প্রতিকার (১২/০৪/১১ হতে ৩১/০১/১২ পর্যন্ত সময়ে বকেয়া) না পাওয়ায় জনাব মো: আফতাব উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ দায়ের করা হয়। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২১/০৫/১৯ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

The respondents are directed to pay the petitioner his arrears of salary under the MPO from 12.04.2011 to 31.01.2012 within 60 (sixty) days from the date of receipt of a copy of this judgment.

৩। উক্ত রিট মামলার রায়ের কপি সংযুক্ত করে রিট মামলার রায় বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত অধ্যক্ষ কর্তৃক গত ০৫/০৮/১৯ তারিখে সচিব, TMED বরাবর আবেদন করা হয়।

৪। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করার জন্য টিএমইডি হতে গত ১৭/০৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে অনুরোধ করা হয়েছিল।

৫। টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে সিপিএলএ দায়েরের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও নির্দেশনা প্রদান করে ডিএমই কর্তৃক ২৭/১০/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং পত্রমূলে ডিএমই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী'র নিকট পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি সিপিএলএ দায়েরের নম্বর পাওয়া যায়নি।

৬। ইতোমধ্যে রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলার ২১/০৫/১৯ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-২১০/২০২০ (রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলা হতে উদ্ধৃত) মামলা দায়ের করা হয়েছে।

৭। পিটিশনার এর গত ০৫/০৮/১৯ তারিখের আবেদনের (বকেয়া পরিশোধ সংক্রান্ত) বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রমাণকসহ কতিপয় তথ্য টিএমডিকে অবহিত করার জন্য গত ১৩/১০/২০ তারিখে সূত্রোক্ত (৩) স্মারকমূলে মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

৮। তৎপ্রেক্ষিতে ডিএমই হতে বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব আব্দুল মাসুম এর বরাত দিয়ে একই উত্তরে Under process for hearing মর্মে কিছু বিষয়টি স্পষ্ট নয়। একইসাথে কনটেম্পট পিটিশন নং-২১০/২০২০ মামলায় মহামান্য আদালতে জবাব প্রদানের লক্ষ্যে সচিব, টিএমইডি কর্তৃক ওকালতনামায় স্বাক্ষর করা আবশ্যিক মর্মে সূত্রোক্ত (৪) নং পত্রমূলে ওকালতনামা প্রেরণ করা হয়েছে।

৯। এক্ষণে নিম্নোক্ত তথ্যাদি জানা আবশ্যিক-

(ক) ডিএমই'র পত্রে উল্লিখিত "Under process" শব্দের অর্থ কি?

(খ) রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলার ২১/০৫/১৯ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে CP দায়ের হয়েছে কিনা? হয়ে থাকলে CP নম্বরসহ তথ্য;

(গ) রিট পিটিশন নং-৭২৫৮/২০১৫ মামলার রায়ের বিরুদ্ধে আপিল দায়েরের বিষয়টি কনটেম্পট আদালতের গোচরে নেয়া হয়েছে কিনা সে বিষয়ে তথ্য;

১০। উল্লিখিত চাহিতমতে তথ্যাদি (প্রমাণকসহ) গত ০৩/১২/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য সূত্রোক্ত (৬) মূলে মহোদয়-কে অনুরোধ করা হয়েছিল কিন্তু নির্ধারিত তারিখের পরে ১২ (বার) দিন অতিবাহিত হলেও চাহিত তথ্যাদি পাওয়া যায়নি বিধায় আগামি ২৪/১২/২০২০ খি. তারিখের মধ্যে উল্লিখিত তথ্যাদি (প্রমাণকসহ) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে তৃতীয়বার অনুরোধ করা হল।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের এ কান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। অফিস কপি/মাষ্টার কপি।